

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬১৯

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ একজন ব্যক্তির জন্য নফল সিয়ামের নিয়ত দিনেও করা বৈধ, যদিও সে রাতে সিয়াম রাখার কোন নিয়ত না করে থাকে

ذكر الإباحة للمرء أن ينشىء الصَّوْمَ التَّطَوُّعَ بِالنَّهَارِ وَإِنْ لَمْ يَكُنْ تَقَدَّمَ الْعَزْمُ لَهُ مِنَ اللَّيْلِ مِنْهُ

আরবী

2618 ـ أُخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعِ قَالَ: حَدَّقَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّقَنَا وَكِيعٌ عَنْ طَلْحَةَ بْنِ يَحْيَى عَنْ عَمَّتِهِ عَائِشَةَ بِنْتِ طَلْحَةَ عَنْ عَائِشَةَ أُمِّ الْمُؤْمِنِينَ قَالَتْ: دَخَلَ عَلَيَّ النَّبِيُّ صلى الله عليه وسلم ذَاتَ يَوْمٍ فَقَالَ: (هَلْ عِنْدَكِ شَيْءٌ؟) قُلْتُ: ثُمَّ أَتَانَا يَوْمًا آخَرَ فَقُلْتُ: يَا (هَلْ عِنْدَكِ شَيْءٌ؟) قُلْتُ: لَا قَالَ: ((فَإِنِي صَائِمٌ)) ، قَالَتْ: ثُمَّ أَتَانَا يَوْمًا آخَرَ فَقُلْتُ: يَا رَسُولَ اللَّهِ! أُهدي لَنَا حَيْسٌ فَخَبَّأْنَاهُ لَكَ فَقَالَ: (أَدْنِيهِ) فأصبح صائماً ثم أفطر. الراوي : عائشة ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الراوي : عائشة ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1369 ا خلاصة حكم المحدث: حسن صحيح _ ((الإرواء))) الصفحة أو الرقم: 1369 ا خلاصة حكم المحدث: حسن صحيح _ ((الإرواء)))

বাংলা

৩৬১৯.উন্মুল মু'মিনীন আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "একদিন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমার কাছে প্রবেশ করে বলেন, "তোমার কাছে (খাওয়ার মতো) কিছু আছে কি?" আমি বললাম, "জ্বী, না।" তখন তিনি বলেন, "তবে আমি সিয়াম রাখলাম।"

আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "আরেকদিন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমার কাছে প্রবেশ করেন। তখন আমি বললাম, "হে আল্লাহর রাসূল আমাদের জন্য হালুয়া হাদিয়া দেওয়া হয়েছে, সেটা আমি আপনার জন্য রেখে দিয়েছি।" তখন তিনি বলেন, "সেটা নিয়ে আসা।" তিনি সেদিন সিয়াম রেখেছিলেন অতঃপর তিনি সিয়াম ভঙ্গ করেন।"[1]



ফুটনোট

[1] আবূ দাউদ: ২৪৫৫; মুসনাদ আহমাদ: ৬/২০৭; সহীহ মুসলিম: ১১৫৪; তিরমিযী: ৭৩৩; নাসাঈ: ৪/১৯৫; সহীহ িইবনু খুযাইমাহ: ২১৪৩; ইমাম শাফেঈ: ১/৭০৬; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৭৭৯৩; আবূ ইয়ালা: ৪৫৬৩; সুনান বাইহাকী: ৪/২০৩; বাগাবী: ১৭৪৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তানুযায়ী সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৯৬৫)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন